৭

দৈনিক ইনকিলাব

তারিখ ... 10 DEC 1998 ...
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৫ ...

# ৬ষ্ঠ বিসিএস কম্পিউটার মেলা আজ থেকে শুরু

সালাহউদ্দিন বাবলু ॥ ৬ষ্ঠ বিসিএস কম্পিউটার মেলা আজ থেকে রাজধানীর আগারগাঁয়ে ইসলামী উন্নয়ন ব্যাংক ভবনে শুরু হচ্ছে। অর্থমন্ত্রী শাহ এ এম এস কিবরিয়া আজ সকাল ১০টায় পাঁচ দিনব্যাপী এই জাঁকজমকপূর্ণ মেলার উদ্বোধন করবেন। বাজেটে কম্পিউটারের ওপর থেকে শুল্ক সম্পূর্ণভাবে প্রত্যাহারের পর এবারের এই মেলা অন্যান্য বারের তুলনায় অনেক বেশী গুরুত্ব ও ব্যাপকতা নিয়ে অনুষ্ঠিত হতে যাচ্ছে। এই মেলা উপলক্ষে কম্পিউটার, প্রিন্টার ও সংশ্লিষ্ট অন্যান্য সামগ্রী এবার প্রচুর হ্রাসকৃত মূল্যে বিক্রি হবে বলে জানা গেছে। ৪৩টি সফটঅয়্যার ও ৭৭টি হার্ডঅয়্যার প্রতিষ্ঠানসহ মোট ১৫১টি কম্পিউটার প্রতিষ্ঠান এ মেলাতে অংশগ্রহণ করছে। অংশগ্রহণকারী প্রতিষ্ঠানগুলোকে ৫টি ক্যাটাগরীতে ভাগ করে মেলার স্টলসমূহ পাঁচটি জোনে ভাগ করা হয়েছে। এগুলো হচ্ছে— হার্ডঅয়্যার, সফটঅয়্যার, ইন্টারনেট, তথ্য প্রযুক্তি, প্রশিক্ষণ ও প্রকাশনা। বাংলাদেশ কম্পিউটার সমিতি আয়োজিত এ যাবতকালের এ সর্ববৃহৎ মেলা আগামী ১৪

১৫-এর পৃঃ ৪-এর কঃ দেখুন

## কম্পিউটার মেলা প্রথম পৃষ্ঠার পর

ডিসেম্বর পর্যন্ত প্রতিদিন সকাল ১০টা থেকে রাত ৮টা পর্যন্ত খোলা থাকবে। সম্পূর্ণ শীতাতপ নিয়ন্ত্রিত ইসলামী উন্নয়ন ব্যাংক ভবনের ৪টি তলা জুড়ে অনুষ্ঠিত এ মেলায় আগ্রহী দর্শকদের বিনাভাড়ায় আনার জন্য, ঢাকার ৬টি এলাকা থেকে ৬টি রুটে বাস সার্ভিস চালু করা হয়েছে। মেলায় প্রবেশ মূল্য ১০ টাকা। এছাড়া এখানে পৃথক দর্শনীর বিনিময়ে ফিল্ম শো'রও আয়োজন রাখা হয়েছে। মেলা উপলক্ষে ওয়েবপেজ তৈরী করা হয়েছে এবং কম্পিউটার ও সফটঅয়্যার সংশ্লিষ্ট ব্যক্তিবর্গকে নিয়ে একটি ডাটাবেসও তৈরী করা হয়েছে। অপরদিকে মেলার ভিতরে কি হচ্ছে তা সরাসরি দেখানোর জন্য বাইরে একটি বিশাল টিভি স্ক্রিন দেয়া হয়েছে।